

নিষেধাজ্ঞা ভেঙে বৈঠক মিরপুরে স্কুল থেকে জামায়াত শিবিরের ২৬ নেতা-কর্মী গ্রেপ্তার

নিজস্ব প্রতিবেদক ▶

নিষেধাজ্ঞা না মেনে গোপনে রাজনৈতিক বৈঠক করার সময় ২৬ জনকে গ্রেপ্তার করেছে পুলিশ। তারা সবাই জামায়াত ও শিবিরের নেতা-কর্মী। পুলিশ দাবি করেছে, রাজধানীর মিরপুরের একটি স্কুলে তারা গোপন বৈঠক করে নাপকতার পরিকল্পনা এবং ২৫ অক্টোবর মহাসভাবেশ করার প্রতি হিসেবে সরকারবিরোধী বিভিন্ন ধরনের কর্মকাণ্ড নিয়ে আলোচনা করছিল। প্রাথমিক জিজ্ঞাসাবাদে তাদের কাছ থেকে আরো অনেক গুরুত্বপূর্ণ তথ্য পাওয়া গেছে। বর্তমানে গ্রেপ্তারকৃতরা মিরপুর থানায় রয়েছে। ঢাকা মহানগর পুলিশের মিরপুর বিভাগের উপকমিশনার ইমতিয়াজ আহমেদ বলেন, গোপন তথ্যের ভিত্তিতে গতকাল সোমবার দুপুরে সাতটা দিকে মিরপুর-২ নম্বরের মিরপুর ন্যায়ন্যাপ হাই স্কুলে অভিযান চালানো হয়। এ সময় ওই স্কুলের ভেতর থেকে জামায়াত-শিবিরের ২৬ জন নেতা-কর্মীকে গ্রেপ্তার করা হয়। তারা নিষেধাজ্ঞা না মেনে রাজনৈতিক বৈঠক করে নাপকতার পরিকল্পনা করছিল। গ্রেপ্তারকৃতদের মধ্যে স্থানীয় বণির উদ্দিন কলোজের একজন প্রত্যক্ষ রয়েছে। তাঁর নেতৃত্বেই বৈঠক চমকছিল।

মিরপুর থানার এমি দানউদ্দিন খান বলেন, প্রাথমিক জিজ্ঞাসাবাদে গ্রেপ্তারকৃতরা সরকারবিরোধী গোপন বৈঠক করার কথা স্বীকার করেছে। তাদের জিজ্ঞাসাবাদ চলায় পুলিশ জানায়, গত রবিবার সকাল ৩টা থেকে ঢাকা মহানগরী এলাকায় সব ধরনের সভা-সমাবেশ, মিছিল-মিটিং, মানববহন, অবস্থান কর্মসূচি ইত্যাদি পালনে অসিদ্ধিগোপনের জন্য নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে। মূলত ২৫ অক্টোবরকে কেন্দ্র করে প্রধান দুই রাজনৈতিক দলের পাঁচটিপার্শ্ব কর্মসূচি নিয়ে মানুষের মধ্যে উত্তেজনা-উৎসাহ তৈরি করে-বাইরে উঠতে দেওয়া হবে এই এ নিষেধাজ্ঞা আরোপ করা হয়। ডিএনপি অধ্যক্ষদের ২৮ ও ২৯ নম্বর ধারার ক্ষমতামতে ঢাকা মেট্রোপলিটেন পুলিশ (ডিএমপি) কমিশনার বেনজীর আহমেদ গত শনিবার এ আদেশ জারি করেন। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত এ আদেশ বহাল থাকবে। এতই সঙ্গে এ আদেশ জারি করার পর থেকে রাজধানীতে ব্যাপক নিরাপত্তাবাহিনী জোরদার করে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। ডিএনপি চেয়ারপারসন মাদেনা জিয়াও ওলগানের বাসভবন ও কার্যালয়ের গুরুত্বপূর্ণ স্থানে চলছে গোয়েন্দা নজরদারি। তারা দেশের সার্বিক পরিস্থিতি পর্যবেক্ষণ করতে সরকারের বিশেষ গোয়েন্দা সংস্থাগুলো।